# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 02 May, 2025

বঙ্গোপসাগরে কক্সবাজারের সেন্টমার্টিন সংলগ্ন ছেঁড়া দ্বীপের কাছে ইঞ্জিনচালিত একটি কাঠের নৌকা থেকে ৬০০ বস্তা ইউরিয়া সার জব্দ করেছে কোস্টগার্ড।পাচারচেষ্টার অভিযোগে ১০ জনকে আটক করা হয়েছে।শুক্রবার (২ মে) দুপুরে কোস্টগার্ডের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার এইচএমএম হারুন-উর-রশিদ বিষয়টি নিশ্চিত করেন।

তিনি জানান, বৃহস্পতিবার রাতে ছেঁড়া দ্বীপ উপকূলে সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করতে দেখা যায় ইঞ্জিনচালিত একটি কাঠের নৌকাকে। কোস্টগার্ডের জাহাজ 'তাজউদ্দিন' থেকে থামার সংকেত দিলে নৌকাটি দ্রুত পালানোর চেষ্টা করে।পরে ধাওয়া করে নৌকাটি আটক করা হয়।

নৌকাটিতে তল্লাশি চালিয়ে ৬০০ বস্তা ইউরিয়া সার পাওয়া যায়, যা শুল্ক ফাঁকি দিয়ে মিয়ানমারের রাখাইন রাজ্যে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়া হচ্ছিল বলে দাবি করেছে কোস্টগার্ড।

আটক ১০ জনের বাড়ি কক্সবাজার ও চট্টগ্রাম জেলার বিভিন্ন এলাকায় বলে জানা গেছে।তাদের প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে টেকনাফ মডেল থানায় হস্তান্তর করা হয়েছে এবং জব্দ করা সার টেকনাফ কাস্টমস অফিসে জমা দেওয়া হয়েছে।

কোস্টগার্ড কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার হারুন-উর-রশিদ আরও বলেন,বর্তমানে বঙ্গোপসাগরে ৫৮ দিনের মাছ ধরার নিষেধাজ্ঞা চলছে।ওই এলাকায় কোনো মাছ ধরার নৌকার থাকার কথা নয়।অথচ তারা সেখানে সন্দেহজনকভাবে অবস্থান করছিল।বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে।সামুদ্রিক নিরাপত্তা নিশ্চিত ও চোরাচালান প্রতিরোধে কোস্টগার্ডের এই অভিযানকে গুরুত্বের সঙ্গে দেখছেন সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ।

কোস্টগার্ড সেন্টমার্টিন কক্সবাজার বঙ্গোপসাগর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:49

URL: https://www.timestodaybd.com/public/chittagong/1793775807